

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৪৯৬

১৩/ সুনাহ

পরিচ্ছেদঃ সুন্নাহ পালনের গুরুত্ব ও তার কিছু আদব প্রসঙ্গে

আরবী

عَنْ أَبِي سَعِيدِ عَبدِ اللهِ بنِ مُغَفَّلِ قَالَ: نَهَى رَسُولُ الله عَلَيْ عَنِ الخَذْفِ، وَقَالَإِنَّهُ لاَ يَقْتُلُ الصَّيْدَ وَلاَ يَنْكَأُ العَدُقَ وإِنَّهُ يَفْقَأُ الْعَيْنَ وَيَكْسِرُ السِّنَّ متفقٌ عليه وَفِيْ رِوَايَةٍ: أَنَّ قَريباً لابْنِ مُغَفَّل خَذَفَ فَنَهَاهُ وَقالَ: إِنَّ رَسُولِ الله عَلَيْ نَهَى عَن الخَذْفِ وَقَالَ إِنَّهَا لاَ تَصِيدُ صَيداً ثُمَّ عادَ فَقَالَ: أُحَدِّثُكَ أَنَّ رسولَ الله عَلَيْ نَهَى عَنْهُ ثُمَّ عَدْتَ تَخذَفُ؟ لا أُكَلِّمُكَ أَبداً

বাংলা

(১৪৯৬) আবূ সাঈদ আব্দুল্লাহ ইবনে মুগাফফাল (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (বৃদ্ধা ও তর্জনী আঙ্গুল দ্বারা) কাঁকর ছুঁড়তে নিষেধ করেছেন। কেননা, তা দিয়ে শিকার করা যায় না এবং শত্রুকে ঘায়েলও করা যায় না। বরং তাতে চোখ নষ্ট হয় ও দাঁত ভাঙ্গে।

অন্য এক বর্ণনায় আছে যে, ইবনে মুগাক্ষাল (রাঃ) এর এক আত্মীয় দুই আঙ্গুল দিয়ে কাঁকর ছুঁড়ছিল। তা দেখে তিনি তাকে নিষেধ করলেন এবং বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (ঐভাবে) কাঁকর ছুঁড়তে নিষেধ করেছেন। কেননা, তা দিয়ে শিকার করা যায় না। কিন্তু সে আবার ঐ কাজ করতে লাগল। তখন তিনি বলে উঠলেন, 'আমি তোমাকে বলছি, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ কাজ করতে নিষেধ করেছেন আবার তুমি ছুঁড়তে লাগলে? যাও! তোমার সাথে আর কথাই বলব না।'

ফুটনোট

(বুখারী ৬২২০, মুসলিম ৫১৬২-৫১৬৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন